# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# BANGLADESH OPEN UNIVERSITY
## রংপুর আঞ্চলিক কেন্দ্র

বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

## ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড এপ্লিকেশন (ডিসিএসএ) প্রোগ্রামে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলী

**শিক্ষাবর্ষ : ২০২২-২০২৩, টার্ম : ২৩১**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি'র ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স এন্ড এ্যাপ্লিকেশন (ডিসিএসএ) প্রোগ্রামে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ২৩১ টার্মের শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

### ভর্তির ন্যূনতম যোগ্যতা

এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় শ্রেণী/জিপিএ ২.৫ বা তদুর্দ্ধসহ উত্তীর্ণ। উচ্চতর ডিগ্রীধারী প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

### আবেদন ও ভর্তির তথ্য

আবেদন ও ভর্তি : https://osapsnew.bou.ac.bd (শুধুমাত্র অনলাইনে)
আবেদন ফি : ১০০.০০ (একশত) টাকা
তারিখ : ২৪-০১-২০২৪ থেকে ০৮-০৩-২০২৪ পর্যন্ত (আবেদন ও ভর্তি একইসাথে)।
আসন সংখ্যা : ৬০ টি (ঢাকা ব্যতীত)

### প্রয়োজনীয় কাগজপত্র

- প্রিন্টকৃত আবেদনপত্র ও Payment Slip এর কপি
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি
- জাতীয় পরিচয় পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদের কপি
- সকল সনদপত্র ও নম্বরপত্রের মূলকপি ও একসেট ফটোকপি

সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা প্রদান করতে হবে।

### ভর্তি ও অন্যান্য ফি

| | | |
|---|---|---|
| আবেদন ফি | ১০০.০০ | টাকা |
| রেজিস্ট্রেশন ফি (৮৯২.৫০x৪ টি কোর্স) | ৩৫৭০.০০ | টাকা |
| সেমিস্টার রেজিস্ট্রেশন ফি | ২০০.০০ | টাকা |
| ল্যাবরেটরি ফি (৩৫০x৪ টি কোর্স) | ১৪০০.০০ | টাকা |
| আইডি কার্ড ফি | ২০০.০০ | টাকা |
| একাডেমিক ক্যালেন্ডার ফি | ৫০.০০ | টাকা |
| পরীক্ষা ফি (৭৫x৪ টি কোর্স) | ৩০০.০০ | টাকা |
| সেমিস্টার মার্কসিট ফি | ৭০.০০ | টাকা |
| | মোট=৫৮৯০.০০ | টাকা |

### ভর্তি চূড়ান্তকরণ

স্ট্যাডি সেন্টারের নির্ধারিত আসন পূরণ না হওয়া পর্যন্ত আবেদনের তারিখ হতে ন্যূনতম যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীগণ একইসাথে আবেদন ও অনলাইনে আগে আসলে আগে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার সুযোগ পাবেন। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে ভর্তি কর্মকর্তা প্রয়োজনীয় তথ্য ও সনদপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক অনলাইনে প্রাথমিকভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী শিক্ষার্থীর ভর্তি চূড়ান্ত করবেন। ভর্তি আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাজগপত্র ভূয়া প্রমাণিত হলে পরবর্তীতে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

টিউটোরিয়াল ক্লাস শুরুর তারিখ: ১৫-০৩-২০২৪ (শুক্রবার নির্ধারিত রুটিন অনুযায়ী)।

### স্ট্যাডি সেন্টার : বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (সিএসই বিভাগ)

### ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

- বাউবির রংপুর আঞ্চলিক কেন্দ্র, আরকে রোড, রংপুর।
- আঞ্চলিক পরিচালক, মোবাইল: ০১৭১৬ ৬৯৫৯১৮
- উপ-আঞ্চলিক পরিচালক, মোবাইল: ০১৭১৯ ৫১৫৬৮০
- শুধুমাত্র হোয়াটস্‌আপ এসএমএস-এর জন্যঃ ০১৫১৬-১৭৩০৫২

### ভর্তি সংক্রান্ত তথ্যাবলি

- ভর্তি আবেদন, ১ম সেমিস্টারে ভর্তি ও রেজিস্ট্রেশন, কোর্স ও অন্যান্য ফি শুধুমাত্র অনলাইনের (osapsnew.bou.ac.bd) মাধ্যমে জমা দেয়া যাবে। আনুষঙ্গিক চার্জ ও ব্যাংক চার্জ শিক্ষার্থীকে বহন করতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশন ও ভর্তি ফি প্রদানের পর বাউবির সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব-শরীরে জমা দিতে হবে।
- বাউবির সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে প্রার্থীকে নিজে উপস্থিত থেকে ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ভর্তির কার্যক্রম শনিবার, রবিবার এবং সরকারী ছুটির দিনে বন্ধ থাকবে।

**অসম্পূর্ণ, ভুল, মিথ্যা তথ্য প্রদান প্রমাণিত হলে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

**ডিসিএসএ প্রোগ্রামে উত্তীর্ণ শিক্ষার্থীরা বাউবি'র বিএসসি ইন সিএসই প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার শর্তে সংরক্ষিত আসনে ভর্তির সুযোগ পাবেন।**

**বিস্তারিত জানার জন্য www.bou.ac.bd ভিজিট করুন**

### অনলাইনে DCSA ভর্তি প্রক্রিয়া

- যে কোন ব্রাউজারের Address bar- এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Admission Tab এর অধীনে School of Science and Technology-তে ক্লিক করে Diploma in Computer Science and Application(DCSA) প্রোগ্রামের পাশে প্রদর্শিত View Circular বাটনে ক্লিক করে ভর্তি নির্দেশনাবলী গুরুত্ব সহকারে পড়ে Apply now বাটনে ক্লিক করতে হবে। অতঃপর General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ছবি (300×300 pixel, JPG Format) এবং স্ক্যান করা স্বাক্ষর (300×100 pixel, JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করতে হবে।
- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করা শেষে Finish বাটনে ক্লিক করে প্রদর্শিত কোর্স সমূহ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করতে হবে। সঠিকভাবে ফরম পূরণ শেষে শিক্ষার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে এবং প্রদত্ত ইমেইলে Temporary User id ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway/System সমূহ থেকে যে কোন একটির মাধ্যমে ১ম সেমিস্টারে ভর্তি ফি জমা দিতে হবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলে মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- Online-এ ভর্তির আবেদন সম্পন্ন করার পর শিক্ষার্থীর Temporary User id ও Password ব্যবহার করে OSAPS-এ লগইন করে Print Profile বাটনে ক্লিক করে প্রদর্শিত আবেদনপত্রটি এবং Payment History থেকে Action মেনুর Print অপশনে ক্লিক করে Payment Slip-টি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত আবেদনপত্র ও Payment Slip এর সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্মনিবন্ধন সনদ, সকল সনদপত্র ও নম্বরপত্রের মূলকপি ও একসেট ফটোকপি সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে জমা প্রদান করতে হবে। শিক্ষার্থীর সকল তথ্য যাচাই-বাছাই পূর্বক বাউবি'র ভর্তি কর্মকর্তা শিক্ষার্থীর আইডি জেনারেট (Approved) করবেন, যা SMS ও ই-মেইলের মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- Online- এ ভর্তি সংক্রান্ত যেকোনো সমস্যার জন্য OSAPS Helpline (০১৬১৮৯৭৭২৩৭ ও ০১৯০৭৪৫১৬১২ রবিবার হতে বৃহস্পতিবার, সকাল ৮:৩০ হতে বিকাল ৩:৩০ পর্যন্ত), ই-মেইল (help.osaps@bou.ac.bd) অথবা বাউবি'র সংশ্লিষ্ট স্ট্যাডি সেন্টার বা আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করতে হবে।

এছাড়া, রংপুর সদরে মুলাটোল মদীনাতুল উমুল কামিল মাদ্রাসায় বাউবির **সার্টিফিকেট ইন এ্যারাবিক ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি** (কাল্প); কারমাইকেল কলেজ ও দিনাজপুর সরকারি কলেজে **বিবিএ** এবং রংপুর বিভাগের সকল জেলায় **এসএসসি** প্রোগ্রামে ভর্তি চলছে।